# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)পরিদর্শন/২০২৩-২০২৪/২১২ তারিখঃ ১৪ আগস্ট ২০২৩ খ্রি.

**বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয় এর অর্ধ-বার্ষিক/আকস্মিক পরিদর্শন কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।**

সূত্র নং ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক "পরিদর্শন ম্যানুয়াল-২০২৩", পরিচ্ছেদ-০১ অনুচ্ছেদ-০৬, ০৭, ০৮।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। অত্র ব্যাংকের "পরিদর্শন ম্যানুয়াল-২০২৩" এর পরিচ্ছেদ-০১ অনুচ্ছেদ-০৬, ০৭, ০৮ এ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক বছরে ০২(দুই) বার অঞ্চলের সকল শাখা পরিদর্শন, প্রতিমাসে ন্যূনপক্ষে ১০(দশ) দিন শাখা পরিদর্শনের জন্য ভ্রমণ, প্রতি মাসে অঞ্চলের আওতাধীন ন্যূনতম ০২(দুই) টি শাখা আকস্মিক পরিদর্শন এবং যে সকল শাখায় ঋণ পরিচালনা, মেয়াদোত্তীর্ণ ঋণ অথবা প্রকল্প ঋণ বাস্তবায়ন সংক্রান্ত সমস্যা রয়েছে সেগুলি প্রতি ০২(দুই) মাসে একবার অবশ্যই পরিদর্শনের নির্দেশনা রয়েছে। উক্ত অনুচ্ছেদগুলোতে আরও উল্লেখ করা হয়েছে যে, কর্পোরেট শাখা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় প্রতি অর্থবছরে ০২(দুই) বার (ষান্মাসিক ভিত্তিতে) বিভাগীয় মহাব্যবস্থাপক ন্যূনতম ৭০% এবং উপমহাব্যবস্থাপক (পরিচালন), বিভাগীয় কার্যালয় অবশিষ্ট ৩০% পরিদর্শন করবেন। বিভাগীয় মহাব্যবস্থাপক কর্তৃক প্রতিমাসে ন্যূনপক্ষে ০৫(পাঁচ) দিন শাখা/কার্যালয় পরিদর্শনের জন্য ভ্রমণ, প্রতিমাসে বিভাগের আওতাধীন ন্যূনতম ০১(এক)টি কর্পোরেট শাখা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় আকস্মিক পরিদর্শন এবং যে সকল অঞ্চলের ঋণ পরিচালনা, মেয়াদোত্তীর্ণ ঋণ অথবা প্রকল্প ঋণ বাস্তবায়ন সংক্রান্ত সমস্যা রয়েছে, সে সকল অঞ্চল প্রতি তিন মাসে ০১(এক) বার পরিদর্শন করে "পরিদর্শন ম্যানুয়াল-২০২৩" এর নির্দিষ্ট ফরমে প্রতিবেদনের একটি কপি প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে।

০৩। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভাগীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ কর্তৃক যথানিয়মে শাখা/কার্যালয় পরিদর্শন করা হচ্ছে না অথবা পরিদর্শন করলেও নিয়মিতভাবে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে না। ফলে মাঠ পর্যায়ে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি বৃদ্ধি পাওয়ার প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। এছাড়াও লক্ষ্যনীয় যে, মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয় কর্তৃক প্রেরিত পরিদর্শন প্রতিবেদন পাওয়ার পর শাখা কর্তৃক যথাযথভাবে পরিপালন জবাব প্রদান করা হচ্ছে না এবং অনেকক্ষেত্রে বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক প্রাপ্ত প্রতিবেদনসমূহ নিষ্পত্তি করা হচ্ছে না।

০৪। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে শাখা/কার্যালয় পরিদর্শনের বিষয়ে বিভাগীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের কার্যক্রম যথাযথ মূল্যায়ন ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট এ সংক্রান্ত তথ্য/উপাত্ত উপস্থাপনের লক্ষ্যে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে নিয়মিতভাবে প্রতিবেদন প্রেরণের জন্য বিভাগীয় মহাব্যবস্থাপকগণকে পত্র নং প্রকা/শানিব্যউবি-১(২৭)পরিদর্শন/২০২২-২০২৩/১২০৬, তারিখঃ ১২/০৪/২০২৩ এর মাধ্যমে অনুরোধ করা হয়েছিল।

চলমান পাতা-০২

০৫। এমতাবস্থায়, জুন ২০২৩ পর্যন্ত পরিদর্শন সংক্রান্ত ষান্মাসিক প্রতিবেদন (পরিদর্শন ম্যানুয়াল-২০২৩ অনুসারে) হার্ডকপির মাধ্যমে এবং প্রতিবেদনের সারাংশ (ছক সংযুক্ত) ই-মেইলযোগে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে জরুরী ভিত্তিতে প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

১৪.০৮.২৩

সংযুক্তিঃ ১(এক) পাতা।

(কে.এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

বিতরণঃ

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)পরিদর্শন/২০২৩-২০২৪/২১২ তারিখঃ ১৪ আগস্ট ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১) চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২) স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪) উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬) উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭) আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮) শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯) নথি/মহানথি।

(মোঃ রাজু আহাম্মেদ)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

.................কার্যালয়

## অর্ধ-বার্ষিক/ আকস্মিক পরিদর্শন প্রতিবেদনের সারসংক্ষেপ

### ছক-ক

বিভাগীয় মহাব্যবস্থাপক কর্তৃক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা পরিদর্শনের তথ্য (সময়কাল) ঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | পরিদর্শনের নাম | পরিদর্শনযোগ্য মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার সংখ্যা | পরিদর্শনকৃত মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার সংখ্যা | মোট আপত্তি/ অনিয়মের সংখ্যা | নিষ্পত্তিকৃত আপত্তি/ অনিয়মের সংখ্যা | অনিষ্পত্তিকৃত আপত্তি/ অনিয়মের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | অর্ধ-বার্ষিক | | | | | | |
| | | আকস্মিক | | | | | | |

### ছক-খ

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক শাখা পরিদর্শনের তথ্য (সময়কাল) ঃ

| ক্রঃ নং | অঞ্চলের নাম | পরিদর্শনের নাম | পরিদর্শনযোগ্য শাখার সংখ্যা | পরিদর্শনকৃত শাখার সংখ্যা | মোট আপত্তি/ অনিয়মের সংখ্যা | নিষ্পত্তিকৃত আপত্তি/ অনিয়মের সংখ্যা | অনিষ্পত্তিকৃত আপত্তি/ অনিয়মের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | অর্ধ-বার্ষিক | | | | | | |
| | | আকস্মিক | | | | | | |